তারিখ 26 JAN 2016
পৃষ্ঠা … কলাম …

# ডিউক অব এডিনবার্গ অ্যাওয়ার্ড পেলেন ঢাবির ১৩ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

সহশিক্ষা কার্যক্রমে সাফল্যের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ১৩ শিক্ষার্থী 'দ্য ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড' লাভ করেছেন। পুরস্কারপ্রাপ্তদের একজন গোল্ড, পাঁচজন সিলভার ও সাতজন ব্রোঞ্জ পদক পেয়েছেন।

স্বর্ণপদক পেয়েছেন শুচিতা নাসরীন জান্নাত (উদ্ভিদবিজ্ঞান)। রৌপ্য পদকপ্রাপ্তরা হলেন– মৌসুমী পাল, ফাতেমা-তুজ-জোহরা, মো. তৌহিদুজ্জামান তরুণ (মার্কেটিং), নাজমী আমির (অর্থনীতি) এবং শিফাত হোসেন সঙ্গীত (গণযোগাযোগ ও সাংবাদিকতা)।

ব্রোঞ্জ পদকপ্রাপ্তরা হলেন– এস এম রাবেয়া জাহান কলি, জেরিন মমতাজ চৌধুরী (মার্কেটিং), নাহিয়ান আজাদ শশী (অর্থনীতি), সুমাইয়া বিনতে কাশেম (মনোবিজ্ঞান), তাহসিনা আকবর, শিফাত আনোয়ার টুম্পা এবং সাদিয়া আফরীন চৌধুরী (উন্নয়ন অধ্যয়ন বিভাগ)।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তর পরিচালক (ভারপ্রাপ্ত) মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দ্য ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফাউন্ডেশনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সাইফুল ইসলাম, জাতীয় পরিচালক অধ্যাপক ড. কে এম শরিফুল হুদা, নির্বাহী কমিটির সদস্য অধ্যাপক ড. মু. মনজুরুল করিম।